

শিক্ষাবৃত্তি ও ক্লাব/সমিতি/কমিউনিটি সেন্টার অনুদান :

ক্রমিক নং	বিষয়	বিবরণ
১	শিক্ষাবৃত্তি/শিক্ষা সহায়তা (চাকুরীরত রাজস্ব) (ফরম নং-১০)	সরকারের অসামরিক খাতে কর্মরত ১১-২০ গ্রেডে কর্মরত সরকারি কর্মচারীর অনধিক ২ (দুই) সন্তানের জন্য ৬ষ্ঠ শ্রেণি হতে তদুর্ধ্ব শ্রেণিতে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের প্রতি আর্থিক বছরে একবার শিক্ষাবৃত্তি/ শিক্ষা সহায়তা প্রদান করা হয়। নির্ধারিত ফরমে আবেদনের সঙ্গে শিক্ষার্থীর অধ্যয়নরত শ্রেণির পূর্ববর্তী শ্রেণির নম্বরপত্রের সত্যায়িত কপি ও ফরমে উল্লেখিত অন্যান্য তথ্যাদি দাখিল করতে হয়। (২০১৭-১৮ অর্থবছর হতে শিক্ষাবৃত্তির আবেদন অনলাইনে সংগ্রহ করা হচ্ছে)
২	শিক্ষাবৃত্তি (অবসরপ্রাপ্ত/মৃত) (ফরম নং-০৩)	অবসরপ্রাপ্ত/মৃত কর্মকর্তা-কর্মচারীর সন্তানদের জন্য নবম শ্রেণি হতে তদুর্ধ্ব শ্রেণিতে অধ্যয়নরত অনধিক ২ (দুই) সন্তানের জন্য প্রতিবছর একবার শিক্ষা বৃত্তি প্রদান করা হয়। এ সাহায্য অবসরপ্রাপ্ত/মৃত কর্মকর্তা-কর্মচারীর বয়স জন্ম তারিখ হিসেবে বিধি মোতাবেক অবসর গ্রহণের পর ১০ (দশ) বছর বা অনূর্ধ্ব ১৫ (পনের) বছর পর্যন্ত যা আগে আসে ভিত্তিতে প্রাপ্য হবেন। আবেদনপত্রের সঙ্গে অধ্যয়নরত শ্রেণির পূর্ববর্তী শ্রেণির সত্যায়িত নম্বরপত্র, অবসর আদেশ/মৃত্যু সনদ দাখিল করতে হয়। (২০১৭-১৮ অর্থবছর হতে শিক্ষাবৃত্তির আবেদন অনলাইনে সংগ্রহ করা হচ্ছে)
৩	শিক্ষাবৃত্তি (কল্যাণ তহবিল ও যৌথবীমা তহবিলের ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য) (ফরম নং-০৪)	বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের কল্যাণ তহবিল ও যৌথবীমা তহবিলের ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীর অধ্যয়নরত অনধিক ২ (দুই) সন্তানের শিক্ষাবৃত্তির জন্য নির্ধারিত ফরমে অধ্যয়নরত শ্রেণির পূর্ববর্তী শ্রেণির সত্যায়িত নম্বরপত্রসহ আবেদন করতে হয়। (২০১৭-১৮ অর্থবছর হতে শিক্ষাবৃত্তির আবেদন অনলাইনে সংগ্রহ করা হচ্ছে)
৪	ক্লাব/সমিতি/কমিউনিটি সেন্টারের অনুদান (ফরম নং-১২)	সরকারি কর্মকর্তা-কর্মচারীদের দ্বারা গঠিত ও পরিচালিত বিভিন্ন কল্যাণমূলক ক্লাব/সমিতি/কমিউনিটি সেন্টারকে প্রতি আর্থিক বছরে একবার অনুদান প্রদান করা হয়। নির্ধারিত ফরমে প্রয়োজনীয় তথ্যাদি (গঠনতন্ত্র, নিবন্ধন সনদ, অডিট রিপোর্ট, কার্যকরী কমিটির তালিকা, লক্ষ্য ও উদ্দেশ্য) সহ আবেদন করতে হয়।

